# সোভিয়েত অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (SAAB)

## АССОЦИАЦИЯ СОВЕТСКИХ ВЫПУСКНИКОВ, БАНГЛАДЕШ

42, Bhasha Shoinik M.A. Motin Road (Road-7), Dhanmondi R/A, Dhaka-1205


SAAB/ নির্বাচন ২০২৬/০১ — তারিখঃ- ২৩.০৫.২০২৬ খ্রি.

## SAAB নির্বাচন ২০২৬ সম্পর্কিত বিজ্ঞপ্তি -০১

সকল SAAB-সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশনের ১ম সভা বিগত ১৯.০৫.২০২৬ তারিখে এবং ২য় সভা ২৩.০৫.২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে নিম্নরূপ সিদ্ধান্ত হয়:

১। নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয় হিসেবে লাইব্রেরী রুম, রাশান হাউস, বাড়ী নং-৪২, রাস্তা নং- ৭, ধানমন্ডি-[illegible] বিবেচিত হবে। ১৪.০৬.২০২৬ তারিখ থেকে ০২.০৭.২০২৬ তারিখ বিকেল ০৫:০০ টা থেকে ০৭:০০টা পর্যন্ত নির্বাচন কমিশনের অফিস খোলা থাকবে;

২। সভাপতি ও সাধারণ সম্পাদক – ৭,০০০/-(সাত হাজার) টাকা এবং অন্যান্য পদের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা নমিনেশন ফরম বিক্রয় মূল্য নির্ধারণ করা হয়েছে;

৩। সংগঠনের ভোটার তালিকার খসড়া শীঘ্রই প্রকাশ করা হবে। খসড়া ভোটার তালিকায় কোন তথ্য বিভ্রাট, ভুল, বিচ্যুতি সম্পর্কে সংশোধনের আবেদন লিখিতভাবে নির্বাচন কমিশনের বিবেচনার জন্য খসড়া তালিকা প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে পেশ করা যাবে। পরবর্তী ০২(দুই) দিনের মধ্যে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

৪। নিম্ন বর্ণিত পদে নির্বাচন অনুষ্ঠিত হবে:

| ক্রমিক | পদের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | সভাপতি | ১ জন |
| ২ | সহ-সভাপতি | ৫ জন |
| ৩ | সাধারণ সম্পাদক | ১ জন |
| ৪ | কোষাধ্যক্ষ | ১ জন |
| ৫ | যুগ্ম-সম্পাদক | ১ জন |
| ৬ | সাংগঠনিক সম্পাদক | ১ জন |
| ৭ | শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক | ১ জন |
| ৮ | প্রকাশনা সম্পাদক | ১ জন |
| ৯ | প্রচার ও জনসংযোগ সম্পাদক | ১ জন |
| ১০ | দপ্তর সম্পাদক | ১ জন |
| ১১ | নির্বাহী সদস্য | ৮ জন |

৫। সোভিয়েত অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (SAAB) এর 'কার্যকরি কমিটি'র নির্বাচন সংগঠনের গঠনতন্ত্রের ৬.১ (কার্যনির্বাহী কমিটি নির্বাচন) ধারা অনুযায়ী আগামী **১৭.০৭.২০২৬** তারিখ (শুক্রবার) সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকেল ৪:০০ ঘটিকা পর্যন্ত রাশান হাউস, বাড়ী নং-৪২, রাস্তা নং- ৭, ধানমন্ডি-তে সোভিয়েত অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (SAAB)-এর নির্বাচন-২০২৬ অনুষ্ঠিত হবে;

Scanned with CamScanner

৬। আগামী **১০.০৬.২০২৬** তারিখের মধ্যে বর্তমান নির্বাহী কমিটির নিকট সাধারণ ভোটার বকেয়া পরিশোধ করে ভোটার হিসেবে নাম অন্তর্ভূক্ত করতে পারবেন;

৭। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত ফি জমা দিয়ে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত 'নমিনেশন ফরম' সংগ্রহ করে প্রার্থীত পদে নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন;

৮। নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয় থেকে **১৪.০৬.২০২৬** তারিখ থেকে **২০.০৬.২০২৬** তারিখ (শুক্রবার ব্যতীত) বিকেল ৫:০০ ঘটিকা থেকে ০৭.:০০ ঘটিকা পর্যন্ত পর্যন্ত নমিনেশন ফরম সংগ্রহ করতে পারবেন। নমিনেশন ফরম সংগ্রহের জন্য  আবেদনপত্র, জাতীয় পরিচয় পত্র এবং সাবেক সোভিয়েত ইউনিয়ন তথা পরবর্তীতে সিআইএসভুক্ত দেশগুলো থেকে অর্জনকৃত নূন্যতম গ্রাজুয়েট ডিগ্রী'র কপি দাখিল করতে হবে;

৯। প্রার্থীগণ স্বশরীরে উপস্থিত হয়ে **২১.০৬.২০২৬** তারিখ বিকেল ৫:০০ ঘটিকা থেকে ০৭.:০০ ঘটিকা পর্যন্ত আবেদন জমা দিতে পারবেন;

১০। বৈধ ও বাতিলকৃত মনোয়নপত্রের তালিকা **২৪.০৬.২০২৬** তারিখ প্রকাশ করা হবে;

১১। বাতিলকৃত মনোয়নপত্রের আপীল **২৫.০৬.২০২৬** তারিখ এবং **২৭.০৬.২০২৬** তারিখ বিকেল ৫:০০ ঘটিকা থেকে ০৭.:০০ ঘটিকা পর্যন্ত [illegible] জমা দেয়া যাবে;

১২। মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত আপীল শুনানী ও সিদ্ধান্তের তারিখ **২৮.০৬.২০২৬** বিকেল ৫:০০ ঘটিকা থেকে ০৭.:০০ ঘটিকা পর্যন্ত;

১৩। নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ **০১.০৭.২০২৬** সন্ধ্যা ০৬:০০ ঘটিকা। প্রার্থী স্বশরীরে উপস্থিত হয়ে আবেদনের মাধ্যমে প্রার্থিতা প্রত্যাহার করতে পারবেন;

১৪। আগামী **০২.০৭.২০২৬** তারিখ নির্বাচনের চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ নির্ধারণ করা হয়েছে;

১৫। আগামী **০৪.০৭.২০২৬** তারিখ নির্বাচনের চুড়ান্ত প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে;

১৬। **১১.০৭.২০২৬** তারিখ সন্ধ্যা ৭.০০ ঘটিকার মধ্যে প্রার্থীর পক্ষে পুলিং এজেন্ট (পর্যবেক্ষণকারী)'র অনুমোদন সংগ্রহ করতে হবে।

১৭। সকল নোটিশ সোভিয়েত অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (SAAB)-এর ওয়েবসাইট (www.saabd.org) এবং অফিসিয়াল WhatsApp (SAAB) গ্রুপে প্রকাশ করা হবে। এবিষয়ে বর্তমান নির্বাহী কমিটি সহায়তা প্রদান করবে। তাছাড়াও নির্বাচন কমিশনের ই-মেইল (saab.election2026@gmail.com)এ নির্বাচনের তথ্য সম্পর্কিত বিষয়ে জানার জন্য ইমেইল করা যাবে;

১৮। আজীবন সদস্য নম্বর ভোটার নম্বর হিসেবে বিবেচিত হবে;

১৯। ভোটারদের ভোট প্রদানের নিয়মাবলী নির্বাচন কমিশনের পাশাপাশি প্রার্থীগণও প্রচারের দায়িত্ব পালন করবেন;

২০। ভোটারদের পরিচয় নিশ্চিত করার জন্য পোলিং এজেন্টগণ প্রিজাইডিং অফিসারদেরকে সহায়তা করবেন;

Scanned with CamScanner

# সোভিয়েত অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (SAAB)

## АССОЦИАЦИЯ СОВЕТСКИХ ВЫПУСКНИКОВ, БАНГЛАДЕШ

42, Bhasha Shoinik M.A. Motin Road (Road-7), Dhanmondi R/A, Dhaka-1205

২১। ভোট গ্রহণের সময় রেজিস্ট্রার-এ ভোটারের নাম লিপিবদ্ধ করা হবে, ০৬টি বুথ থাকবে এবং ০৩টি ব্যালট বক্স থাকবে (প্রয়োজনে হ্রাস/বৃদ্ধি হতে পারে);

২২। ব্যালট পেপারে প্রার্থীদের নির্দিষ্ট জায়গায় ঘরের মধ্যে সীল মারতে হবে;

২৩। শারীরিকভাবে অসুস্থ্য ভোটারদের বিশেষ বিবেচনায় অগ্রাধীকার ভিত্তিতে ভোট দেয়ার সুযোগ সৃষ্টির জন্য সকল সদস্যদের সহযোগীতা কাম্য;

২৪। একক পদের ক্ষেত্রে একাধিক ভোট দিলে বা একাধিক পদের ক্ষেত্রে নির্দিষ্ট সংখ্যক পদের চেয়ে বেশী ভোট দিলে উক্ত পদের ভোট বাতিল বলে গন্য হবে;

২৫। নির্বাচন সু-সম্পন্ন হবার পর গণনা সমাপ্ত করে কেন্দ্র থেকেই যথানিয়মে নির্বাচনের ফলাফল ঘোষনা করা হবে;

২৬। প্রার্থী ফলাফল ঘোষনার ০২(দুই) দিনের মধ্যে লিখিতভাবে প্রধান নির্বাচন কমিশনার বরাবর আপীল করতে পারবেন। আপীলের গুরুত্ব বিবেচনায় আপীলের শুনানী গ্রহণের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের এখতিয়াভূক্ত। আপীল শুনানীর জন্য নির্ধারিত হলে ১৫,০০০/-(পনের হাজার) টাকা জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে আপীল নিস্পত্তি করা হবে। সর্বোপরি নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চুড়ান্ত হিসেবে গন্য হবে;

২৭। ভোটারগণকে নির্ধারিত সময়ে জাতীয় পরিচয়পত্র /পাসপোর্টের কপি সহ ভোট কেন্দ্রে উপস্থিত থাকার অনুরোধ করা হলো;

২৮। নির্বাচন সংক্রান্ত আর্থিক আয়-ব্যয়ের হিসাব ও দায়িত্ব পালন করবেন নির্বাচন কমিশনার প্রকৌ. ফাহমিদা আকতার;

২৯। নির্বাচনের 'আচরণ বিধি' শীঘ্রই প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট সকলকে 'আচরণ বিধি' অনুসরণ করতে হবে;

৩০। নির্বাচনে প্রিজাইডিং অফিসার হিসেবে কাজ করার জন্য আগ্রহী সদস্যদের নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো;

23.05.2026
প্রকৌ. ফাহমিদা আকতার,
(এল-৫৭৪)
নির্বাচন কমিশনার
SAAB নির্বাচন ২০২৬

23.05.2026
অধ্যাপক ড. এ.এস.এম. গোলাম মরতুজা, (এল-০৯১)
নির্বাচন কমিশনার
SAAB নির্বাচন ২০২৬

প্রফেসর ড.তাইবুল হাসান খান, 23/05/26
(এল-২৩৪)
প্রধান নির্বাচন কমিশনার
SAAB নির্বাচন ২০২৬

Scanned with CamScanner